

Total number of printed pages-4

1 (Sem-2) BEN

2025

**BENGALI**

Paper : BEN0200104

**( Unish Shataker Bangla Sahityapath )**

( উনিশ শতকের বাংলা সাহিত্যপাঠ )

Full Marks : 60

Time : 2½ hours

**The figures in the margin indicate  
full marks for the questions.**

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর লেখো :

১×৮=৮

(ক) 'বীরঙ্গনা' কাব্যগ্রন্থের 'সোমের প্রতি তারা' পত্রে গুরুদেব কে?

(খ) "কে তুমি,—বিজন বনে ভ্রম হে একাকী  
বিভূতি-ভূষিত অঙ্গ?....."

এখানে 'কে তুমি' বলতে কাকে বোঝানো হয়েছে?

(গ) 'শকুন্তলা' গ্রন্থে কণ্ঠমুনির আশ্রম কোন্ নদীর তীরে অবস্থিত ছিল?

Contd.

- (ঘ) 'শকুন্তলা' কহিলেন, দেখ, এই দুর্বৃত্ত কোনমতে নিবৃত্ত হইতেছে না ;  
এখানে 'দুর্বৃত্ত' কে?
- (ঙ) 'কপালকুণ্ডলা' উপন্যাসে নবকুমার কোন্ শ্রেণির ব্রাহ্মণ ছিল?
- (চ) 'কপালকুণ্ডলা' উপন্যাসে শ্যামাসুন্দরী নবকুমারের কে হন?
- (ছ) 'সধবার একাদশী' নাটকে উকিল কে ছিলেন?
- (জ) 'সধবার একাদশী' নাটকে অটলবিহারীর স্ত্রীর নাম কী ছিল?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো :

(যে-কোনো ছয়টি)

২×৬=১২

- (ক) 'পুরুরবার প্রতি উর্বশী' পত্রে উর্বশীকে কে হরণ করেছিল?  
তার হাত থেকে কে উর্বশীকে রক্ষা করেছিলেন?
- (খ) 'নীলধ্বজের প্রতি জনা' পত্রে নীলধ্বজ কোন্ রাজ্যের নৃপতি ছিলেন? তাঁর পুত্রের নাম কী ছিল?
- (গ) 'শকুন্তলা' গ্রন্থে ধীবর কোন্ জাতীয় মাছের উদর থেকে দুখন্ডের অঙ্গুরীয় পেয়েছিল? সেই মাছটি সে কোথায় পেয়েছিল?
- (ঘ) শকুন্তলা তাঁর পুত্রের নাম কী রেখেছিলেন? দেবলোকে তাঁর শিশুপুত্রটি কী নিয়ে খেলছিল?
- (ঙ) নবকুমারকে বধের নিমিত্তে আনীত কাপালিকের পূজার স্থান থেকে কে উদ্ধার করেছিল? তারপর সে নবকুমারকে কার কাছে নিয়ে গিয়েছিল?

- (চ) “আহা! কি দেখিলাম। জন্মজন্মান্তরেও ভুলিব না।”  
উক্তিটির বক্তা কে? উক্তিটি প্রথম খণ্ডের কোন্ পরিচ্ছেদে  
রয়েছে?
- (ছ) “বান্দালীরা আপন গৃহিণীকে সর্বাপেক্ষা সুন্দরী দেখে।”  
উক্তিটি কে, কার উদ্দেশ্যে করেছিল?
- (জ) ‘সধবার একাদশী’ নাটকে প্রথম ও শেষ সংলাপ কার  
কণ্ঠে ছিল?
- (ঝ) ‘সধবার একাদশী’ নাটকে কয়টি অঙ্ক রয়েছে? শেষ অঙ্কের  
গর্ভাঙ্গ সংখ্যা লেখো।
- (ঞ) “—the mind and sprit remains  
Invincible, and vigour soon returns.”  
‘সধবার একাদশী’ নাটকে নিমটাদের সংলাপের অন্তর্গত  
এই উদ্ধৃতাংশ কোন্ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে? এই  
গ্রন্থের রচনাকার কে?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো চারটি)

৫×৪=২০

- (ক) “বজ্রসম অপবাদ বাজে পোড়া বৃকে।  
ফাটি অন্তরিত রাগে—বাক্য নাহি ফোটে।”  
‘দুয়ন্তের প্রতি শকুন্তলা’ পত্রের অন্তর্ভুক্ত এই উদ্ধৃতাংশের  
সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।
- (খ) ‘সোমের প্রতি তারা’ পত্রের তারা চরিত্রের সংক্ষিপ্ত পরিচয়  
দাও।
- (গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ‘শকুন্তলা’ গ্রন্থে অবলম্বনে শকুন্তলার  
জন্মবৃত্তান্ত বর্ণনা করো।
- (ঘ) দুয়ন্তের সঙ্গে শকুন্তলার প্রথম সাক্ষাৎদৃশ্য নিজের ভাষায়  
লেখো।

- (ঙ) প্রথমা পত্নীর সঙ্গে নবকুমারের দাম্পত্য জীবনযাপন না করার কারণ বুঝিয়ে লেখো।
- (চ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের শেষ পরিচ্ছেদের বিষয়বস্তুর যথাযথ বিবরণ দাও।
- (ছ) 'সধবার একাদশী' নাটকের জীবনচন্দ্র চরিত্রটি আলোচনা করো।
- (জ) "কিছু বল না বাবা, ওর বাপ অনেকের সর্বনাশ করে বিষয় করেছে, টাকাগুলো সংকর্মে ব্যয় হক্—তুমি দেখবে এক হপ্তার মধ্যে অটল টলমল কচ্ছেন।"  
'সধবার একাদশী' নাটকের অন্তর্ভুক্ত এই উদ্ধৃতাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো দুটি)

১০×২=২০

- (ক) 'পুরুরবার প্রতি উর্বশী' পত্রের মূল বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো।
- (খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'শকুন্তলা' গ্রন্থে অবলম্বনে দুগ্ধসু চরিত্রটি আলোচনা করো।
- (গ) 'কপালকুণ্ডলা' উপন্যাসে প্রকৃতির ভূমিকা নির্ণয় করো।
- (ঘ) 'সধবার একাদশী' নাটকে বর্ণিত সমকালীন সমাজচিত্রের বিবরণ দাও।
- (ঙ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের কাপালিক চরিত্রটি আলোচনা করো।